



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationaboard.gov.bd



নং-ঢাশিবো/বি/৫৫২/ইংলিশ/১০৯৯

তারিখ: ১২/০৯/২০২৩

বিষয়: বিদেশি কারিকুলামে পরিচালিত ইংলিশ মিডিয়াম স্কুল-সমূহের নিবন্ধন/ নিবন্ধন নবায়ন প্রসঙ্গে।

- সূত্র:
- ১। বেসরকারি স্কুল-সমূহের রেজিস্ট্রেশন অধ্যাদেশ, ১৯৬২।
 - ২। এস.আর.ও নং- ১৭৩ আইন/২০১৭।
 - ৩। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪৪.১৩৪.১৭-২৫৭, তারিখ: ২৮/০৭/২০২০।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন বিদেশি কারিকুলামে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং পরিচালনা পর্ষদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

১। বেসরকারি স্কুল-সমূহের রেজিস্ট্রেশন অধ্যাদেশ, ১৯৬২ (১৯৬২ সালের ২০নং অর্ডিনেন্স) প্রণীত বিধিমালার উপ-ধারা ‘জ’ অনুযায়ী, বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক অর্থাৎ জুনিয়র ক্যাম্বিজ, ক্যাম্বিজ ('ও' লেভেল) এবং সিনিয়র ক্যাম্বিজ ('এ' লেভেল) প্রতিষ্ঠান যা সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড হতে নিবন্ধন করতে হবে। একই বিধিমালার ৩ ধারা অনুযায়ী নিবন্ধন-ভিত্তি বিদেশি কারিকুলামে পরিচালিত কোন বেসরকারি স্কুল স্থাপন/ প্রতিষ্ঠিত বা পরিচালিত হতে পারবে না।

২। শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-১২ কর্তৃক ০৫/০৬/২০১৭ তারিখে নির্দেশিত এবং এস.আর.ও নং- ১৭৩ আইন/২০১৭ Registration of Private Schools Ordinance 1962 (ordinance No. XX of 1962) এর Section-8 এ প্রদত্ত ক্ষমতাবলে বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধন বিধিমালা ২০১৭ এর প্রবিধি ৩ এবং ৪ মোতাবেক নিবন্ধন কর্তৃপক্ষের নিকট হতে নিবন্ধন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে উক্ত নির্দেশনার আলোকে কিছু শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধন গ্রহণ করলেও কতিপয় শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধন গ্রহণ করা হতে বিরত রয়েছে। উক্ত বিধিমালার আবেদন ফরম ‘ক’ অনুযায়ী তথ্যাবলী পূরণপূর্বক নির্ধারিত ফি-সহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

৩। অত্র বোর্ডের আওতাধীন নিবন্ধনকৃত বিদেশি কারিকুলামে (ইংরেজি মাধ্যম) পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর EIIN নম্বর বোর্ডের ওয়েবসাইটে দেয়া হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান গুলোকে EIIN নম্বর সংগ্রহ করে বোর্ডের নির্ধারিত ফিসহ আবেদন করে লগইন পাসওয়ার্ড (Login Password) সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

৪। বিধিমালার ৭ উপবিধি অনুযায়ী নিবন্ধন সনদের শর্ত মোতাবেক কমিটি গঠন করে নিবন্ধন কর্তৃপক্ষ হতে অনুমোদন নেয়ার নির্দেশনা থাকলেও নিবন্ধনকৃত বিদেশি কারিকুলামে পরিচালিত প্রতিষ্ঠানগুলো (ইংরেজী মাধ্যম) বোর্ড হতে কোন কমিটি অনুমোদন না করে বিধি বহির্ভূতভাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করছেন। ফলে প্রতিষ্ঠানসমূহকে (ইংরেজী মাধ্যম) নিবন্ধন কর্তৃপক্ষের নিকট হতে ম্যানেজিং কমিটি গঠনের জন্য আবেদন করতে অনুরোধ করা হলো।

৫। বিধিমালার ১০(৩) উপবিধি এবং সাময়িক নিবন্ধন আবেদন ফরম ‘ক’ এর ক্রমিক নং-১১ নির্দেশনা মোতাবেক প্রতিমাসে বা বছরে শ্রেণিভিত্তে আদয়কৃত টিউশন ফি, ভর্তি ফি, খেলাধুলা ফি, টিফিন ফি, মুদ্রণ ফি এবং অন্যান্য ফি এর পরিমাণ ও বিবরণ ইত্যাদি বিষয়ে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট উল্লেখ-সহ অবহিত করার বিধান রয়েছে। যা বিধি অনুযায়ী নিবন্ধন কর্তৃপক্ষকে অবহিত করা হচ্ছে না।

৬। বিধিমালার উপবিধি ২০(১) মোতাবেক, নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রত্যেক ইংরেজি মাধ্যমে পরিচালিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যথাযথভাবে উহার হিসাব সংরক্ষণ এবং হিসাব বিবরণী প্রস্তুত করবে এবং উপবিধি ২০(৩) মোতাবেক আর্থিক শৃঙ্খলা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি প্রত্যেক অর্থ বছর শেষে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের আয়-ব্যয় সম্পর্কে Bangladesh Chartered Accountants Order, 1973 (Presidents Order No. 2 of 1973) এর Article

২(1)(b) এ সংজ্ঞায়িত ‘Chartered Accountant’ দ্বারা শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব নিরীক্ষা সম্পাদন করাবে এবং উহার একটি রিপোর্ট নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করবে যা বিধি মোতাবেক পালন করা হচ্ছে না।

৯। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন যে সকল প্রতিষ্ঠান ইতোমধ্যে প্রতিষ্ঠান পরিচালনার জন্য সাময়িক নিবন্ধন/ নিবন্ধন গ্রহণ করার পর মেয়াদ শেষে আর নবায়ন করেনি সে সকল প্রতিষ্ঠানকে পত্র ইস্যুর তারিখ হতে আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে হালনাগাদ নিবন্ধন/ নিবন্ধন নবায়নের জন্য বোর্ডে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সময়সীমার মধ্যে নিবন্ধন/ নিবন্ধন নবায়ন করা না হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাময়িক নিবন্ধন/ নিবন্ধন প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


১২/০৯/২০২৩

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞ্জি

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

ফোন: ০২-৫৮৬১০০৬৯

প্রাপক: অধ্যক্ষ

ঢাকা বোর্ডের আওতাধীন

বিদেশি কারিকুলামে (ইংরেজী মাধ্যম)

পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান-সমূহ।

মেমো নং- ১০৯৯(৭)

তারিখ: ১২/০৯/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যৱৰণ (ব্যানবেইস), ঢাকা।
- ৪। রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ (ব্রিটিশ কাউন্সিল/ অস্ট্রেলিয়া/ ইন্টারন্যাশনাল স্কুল এক্সামিনেশন সিভিকেট (ISED)/ অন্যান্য।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৬। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
- ৭। অফিস কপি।


১২/০৯/২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।